অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৪) ধারা মোতাবেক

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

জজ ও অর্থঋণ আদালত-১, ঢাকা।

**অর্থজারী মামলা নং - ৫০ / ২০২২**

**বেসিক ব্যাংক লিমিটেড, গুলশান শাখা,** ঢাকা। যাহাকে ইহার-মহাব্যবস্থাপক প্রতিনিধিত্ব করেন।

**..........ডিক্রীদার**

**-বনাম-**

১. **মেসার্স এ.আর.এস.এস এন্টারপ্রাইজ,** স্বত্ত্বাধিকারী মোঃ সবির হোসেন, বাড়ি - ৪১ (৫ম তলা), রোড নং- ২৭, ধানমন্ডি আবাসিক এলাকা এবং ১৩/৩-এ, ঝিগাতলা, ধানমন্ডি, ঢাকা এবং বাড়ী নং- ১৩২, ফ্ল্যাট নং- ১/বি, রোড নং- ৯/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ধানমন্ডি, ঢাকা।

২. **মোঃ সবির হোসেন,** স্বত্বাধিকারী- মেসার্স এ.আর.এস.এস এন্টারপ্রাইজ, পিতা মরহুম আমজাদ হোসেন, বাড়ি নং- ৪১ (৫ম তলা), রোড নং- ২৭, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা এবং ১৩/৩-এ, ঝিগাতলা, ধানমন্ডি, ঢাকা এবং বাড়ি নং- ১৩২, ফ্ল্যাট নং- ১/বি, রোড নং- ৯/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ধানমন্ডি, ঢাকা।

৩. **মোসাম্মৎ শবনম হোসেন,** স্বামী- মোঃ সবির হোসেন, চেয়ার পারসন- আর্কেড রিয়েল এষ্টেট লিমিটেড এবং মেসার্স আর্কেড বিল্ডার্স এন্ড আইডিয়াস লিমিটেড, বাড়ি নং- ৬/১, ব্লক- ডি, লালমাটিয়া, ঢাকা।

**..........দায়িকগন**

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকের নিকট থেকে ডিক্রীদার ব্যাংকের নিকট বিগত ০৬/০২/২০২২ ইং তারিখ পর্যন্ত **২৬০,৭৭,৫৯,৩০২.৬৩ (দুইশত ষাট কোটি সাতাত্তর লক্ষ উনষাট হাজার তিনশত দুই দশমিক ছয় তিন)** টাকা মাত্র আদায়ের লক্ষ্যে দায়িক পক্ষ কর্তৃক বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি **আগামী ২৮/০৩/২০২৪ ইং** তারিখ নিম্নরুপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রি করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী**

১। **আগামী ২৮/০৩/২০২৪ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার অর্থঋণ আদালত-১ ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতার অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন **অর্থাৎ ২৮/০৩/২০২৪ইং** তারিখ বিকেল ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা শায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদুৎ গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত ক্রমিক নং-৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দর দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩(৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করিবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীরসহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর ডিক্রীর প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪। আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।

১৫। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

**স্থাবর সম্পত্তির তফসিল**

**(১)** জিলা- ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- আশুলিয়া, জে.এল নং- সি. এস- ৫৯৭. এস. এ-১১২. আর.এস-১১০, মৌজা- "বাসাইল" স্থিত, খতিয়ান নং- সি.এস-৫৯, এস.এ- ৬১. ১৫৯, আর.এস-৬০, ৮৮, ২২৩, দাগ নং- সি.এস ও এস.এ- ২০৪ (দুইশত চার), আর.এস- ৯৪৪ (নয়শত চুয়াল্লিশ), ৯৪৫ (নয়শত পঁয়তাল্লিশ), ৯৪৬ (নয়শত ছিচল্লিশ), মোট জমির পরিমান- ৯৬.০০ (ছিয়ানব্বই) শতাংশ এবং তদস্থিত নির্মিত ও নির্মিতব্য যাবতীয় স্থাপনা। যাহার চৌহুদ্দি- উত্তরে- রাস্তা, দক্ষিণে- সৈয়দ গোলাম আব্বাস গং, পূর্বে- পাসমিনা সোয়েটার এবং পশ্চিমে- সৈয়দ গোলাম মোস্তফা গং।

**(২)** জিলা- ঢাকা, থানা- ধানমন্ডি ও সাব-রেজিষ্ট্রি অফিস- তেজগাঁও, জে.এল নং- সি. এস- ২৫৪, এস.এ ও আর.এস-৭৮, মৌজা- "শিবপুর" স্থিত, খতিয়ান নং- সি.এস ১৭ তৎপর ২৯৬, এস.এ-৭৪. আর.এস- ১৫০১, ৯৯৭, ৪৭৪, ঢাকা সিটি জরিপে ৭৮০, ১৫৮১, দাগ নং- সি. এস-৮১ (একাশি), এস.এ- ১০১ (একশত এক), ১০৩ (একশত তিন), ১০৫ (একশত পাঁচ), আর.এস-১০৯ (একশত নয়), ১১০ (একশত দশ), ঢাকা সিটি জরিপে দাগ নং- ৬৫৫ (ছয়শত পঞ্চান্ন), মোট জমির পরিমান- ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলায় ২৬০০+২৬০০+২৬০০+২৬০০+১৩০০= ১১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ফ্ল্যাট এবং কার পার্কিং, তৎসহ অবিভক্ত ও অচিহ্নত ৪৬৬.০৭ অযুতাংশ ভূমি, সকল প্রকার কমন সুবিধাদি সহ। যাহার চৌহদ্দি - উত্তরে- আব্দুর রউফ, দক্ষিণে- হাফেজ মোঃ লুৎফর রহমান ও শামসুন নাহার, পূর্বে- চলাচলের রাস্তা এবং পশ্চিমে- সোলেমান।

**(৩)** জিলা- ঢাকা, থানা- সাবেক ক্যান্টনমেন্ট হালে শের-ই-বাংলা নগর ও সাব-রেজিষ্ট্রি অফিস-মোহাম্মদপুর, জে.এল নং- সি.এস- ২৬৮, এস.এ- ১০১, মৌজা- "কাফরুল" স্থিত, খতিয়ান নং-সি.এস- ১২৩, এস.এ- ১১২ ও ১১৩, আর.এস- ৫২৯, ৫, ঢাকা সিটি জরীপে- ২৯৫৪, ২০৬২, দাগ নং- সি.এস ও এস.এ- ৪১৬ (চারশত ষোল), ৪১৭ (চারশত সতের), আর.এস- ১৯১৪ (এক হাজার নয়শত চৌদ্দ), ঢাকা সিটি জরীপে দাগ নং- ১২৯৫ (এক হাজার দুইশত পঁচানব্বই), ১২৯৬ (এক হাজার দুইশত ছিয়ানব্বই), নামজারি খতিয়ান নং- ২৯৪২, সিটি জরীপ জোত নং- ৪৭/১৬, নামজারী-দাগ নং- ১৯১৪ (এক হাজার নয়শত চৌদ্দ) এবং নামজারী খতিয়ান নং- ২৮৭৩ (দুই হাজার আটশত তিয়াত্তর), জোত নং- ১১৩/১৫, নামজারী দাগ নং- ১৯১৪ (এক হাজার নয়শত চৌদ্দ), মোট জমির পরিমান- ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ তলায় ২৪০০+২৪০০+২৪০০= ৭২০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ফ্ল্যাট এবং কার পার্কিং, তৎসহ অবিভক্ত ও অচিহ্নিত ২.৭০ শতাংশ ভূমি, সকল প্রকার কমন সুবিধাদি সহ। যাহার চৌহদ্দি- উত্তরে- শাখাওয়াত হোসাইন ও রাস্তা, দক্ষিণে- হালিমা বেগম ও বেগম বিপি, পূর্বে- জামাল মিয়া ও রাস্তা এবং পশ্চিমে- আবুল কালাম আজাদ ও সুরুজ আলী ভূঁইয়া এর বিক্রিত জমি।

**(৪)** জিলা- ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- মিরপুর, জে এল নং- সাবেক- ২২০, হাল- ৯৯, মৌজা- "সেনপাড়া পর্বতা" স্থিত, খতিয়ান নং- সি.এস - ৫৮১, এম. এ- ৬৮৩, আর.এস- ১৪৩৮, ঢাকা সিটি জরীপে ১০৮৫০, দাগ নং- সি. এস ও এস.এ- ৮৫৮ (আটশত আটান্ন), আর.এস-১৩৬১৩ (তের হাজার ছয়শত তেইশ), ঢাকা সিটি জরীপে দাগ নং- ৫০৯৫৭ (পঞ্চাশ হাজার নয়শত সাতান্ন), নামজারী খতিয়ান নং- ১২০২২, জোত নং- ২৭/৪০, নামজারী দাগ নং- ১৩৬২৩ (তের হাজার ছয়শত তেইশ) মোট জমির পরিমান- ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম তলায় ১৪০০+১৪০০+১৪০০ +১৪০০= ৫৬০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ফ্ল্যাট এবং কার পার্কিং, তৎসহ অবিভক্ত ও অচিহ্নিত ভূমি, সকল প্রকার কমন সুবিধাদি সহ। যাহার চৌহদ্দি- উত্তরে- করিমুন্নেসা এর বিক্রিত জমি, দক্ষিণে-সরকারী রাস্তা, পূর্বে- সরকারী- রাস্তা এবং পশ্চিমে- রফিকুল ইসলাম।

**(৫)** জিলা- ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- তেজগাও, জে.এল নং- সি. এস - ২৫৪. এস.এ-৭৮, ঢাকা মহানগর জরীপে ৯, মৌজা- "শিবপুর" স্থিত, খতিয়ান নং- সি. এস-৫২, এস.এ- ৫৮২. আর.এস- ১৭৬২, ঢাকা সিটি জরীপে ১০৩৭, ২০১৬, ৩০০০ দাগ নং- সি. এস- ৪০৭ (চারশত সাত), এস.এ- ৮৬৪ (আটশত চৌষট্টি), আর, এস- ৫২২৩ (পাঁচ হাজার দুইশত তেইশ), ঢাকা সিটি জরীপে দাগ নং- ৫৭৩১ (পাঁচ হাজার সাতশত একত্রিশ), মোট জমির পরিমান- ৮ম তলায় ২০০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ফ্ল্যাট এবং একটি কার পার্কিং, তৎসহ অবিভক্ত ও অচিহ্নিত ১.১০ শতাংশ ভূমি, সকল প্রকার কমন সুবিধাদি সহ। যাহার চৌহদ্দি- উত্তরে- রাস্তা, দক্ষিণে- এম.এ খালেক এর বাড়ি, পূর্বে- রাস্তা এবং পশ্চিমে- সৈয়দ আহমেদ খান এর বাড়ি।

**আদালতের আদেশক্রমে, সেরেস্তাদার, জজ ও অর্থঋণ আদালত-১, ঢাকা।**

প্রকাশ:২৩.০২.২০২৪

দৈনিক আমার সংবাদ এবং দৈনিক নবচেতনা